ভোরের কাগজ

তারিখ .. 04 JAN 1994
পৃষ্ঠা ... ৬ ..... কলাম ৪ .....

৪০

বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি

# ৪ দফা দাবি আদায়ে গণছুটি ও ঢাকা অবরোধ কর্মসূচী

কাগজ প্রতিবেদক : বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি পূর্ব ঘোষিত চার দফা দাবি মেনে-নেওয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছে।

গতকাল সোমবার জাতীয় প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে সমিতির নেতৃবৃন্দ বলেন, ১০ জানুয়ারির মধ্যে দাবি মানা না হলে ১১, ১২ ও ১৩ জানুয়ারি সারা দেশে বেসরকারি প্রাথমিক শিক্ষকদের গণছুটি এবং ৬ ও ৭ ফেব্রুয়ারি ঢাকা অবরোধ কর্মসূচী পালন করা হবে।

সংবাদ সম্মেলনে শিক্ষক সমিতির সভাপতি মেজর (অবঃ) আসাদুজ্জামান লিখিত বক্তব্য পড়ে শোনান। উপস্থিত ছিলেন মনসুর আলী, আবুল হোসেন (খুলনা বিভাগ), রুহুল আমিন (রাজশাহী বিভাগ), সুলতান আহমদ (চট্টগ্রাম বিভাগ), ফোরকান আলী (বরিশাল বিভাগ), জাকাত উল্লাহ, রেজাউল ইসলাম প্রমুখ।

বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির চার দফা দাবি হচ্ছে- (১) সকল রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ ও সেগুলোর শিক্ষক/শিক্ষিকাদের চাকরিও জাতীয়করণ করা, (২) সকল বেসরকারি প্রাথমিক বিদ্যালয় পূর্ব শর্তানুযায়ী নিবন্ধীকরণের অনুমতি প্রদান, (৩) জাতীয়করণের পূর্ব পর্যন্ত শিক্ষক/শিক্ষিকাদের ন্যূনতম পনেরশ' টাকা ভাতা প্রদান এবং (৪) প্রতিটি বেসরকারি বিদ্যালয়ে চারজনের অধিক শিক্ষক/শিক্ষিকাকে সরকারি বেতন ও ভাতা প্রদান।